



সোশ্যাল ইসলামী ব্যাংক পিএলসি

সাতক্ষীরা শাখা, লন্ডন প্রাজা, বড় বাজার রোড, সাতক্ষীরা।
অর্থস্বর্ণ আদালত আইন, ২০০৩ এর ১২(৩) ধারার মোতাবেক

বন্ধকী সম্পত্তি বিক্রয়ের নিলাম বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, সোশ্যাল ইসলামী ব্যাংক পিএলসি, সাতক্ষীরা শাখা, সাতক্ষীরা-এর বিনিয়োগ মেসার্স নূর এন্টারপ্রাইজ, প্রোঃ মোঃ আব্দুল মালেক (লালু) পিতা- মৃত নূর আলী মোড়ল, ব্যবসায়িক ঠিকানাঃ গ্রামঃ সেনেরগাঁতী, পোষ্টঃ সেনেরগাঁতী-৯৪২১, উপজেলা-তাল্লা, জেলা-সাতক্ষীরা ও স্থায়ী ঠিকানাঃ গ্রামঃ সেনেরগাঁতী, পোষ্টঃ সেনেরগাঁতী-৯৪২১, উপজেলা-তাল্লা, জেলা-সাতক্ষীরা এর নিকট ১৮/০৬/২০২৬ ইং তারিখ পর্যন্ত প্রাপ্য মোট ১,৪৮,১৮,৭১৯.৭২ (এক কোটি আটচল্লিশ লক্ষ আঠারো হাজার সাত শত উনিশ টাকা বাহাত্তর পয়সা মাত্র) টাকা এবং আদায়কালতক মুনাফা ও অন্যান্য খরচ, আদায়ের লক্ষ্যে অত্র ব্যাংকের অনুকূলে বন্ধককৃত ও আম-মোজারনামা দলিল বলে বিক্রয়ের ক্ষমতাপ্রাপ্ত নিম্ন তফসিলভুক্ত সম্পত্তি নিলামে বিক্রয়ার্থে অত্রহী ক্রেতাগণের নিকট হইতে নিম্ন বর্ণিত শর্তে সিলমোহরকৃত দরপত্র আহ্বান করা যাইতেছে।

শর্তাবলী

- ১) অত্রহী দরদাতাগণ তাহার বা তাহাদের নিজস্ব প্যাডে অথবা সাদা কাগজে স্পষ্টাক্ষরে নিলাম দরপত্র দাতার নাম, পিতার নাম, ঠিকানা, টেলিফোন/মোবাইল নম্বর প্রদত্ত দর অঙ্কে ও কথায় লিখিয়া সিলমোহরকৃত খামে এবং খামের উপরে স্পষ্টাক্ষরে 'সম্পত্তি নিলাম ক্রয়ের দরপত্র' লিখিয়া আগামী ০৪/০৮/২০২৬ ইং তারিখ অপরাহ্ন ৩.০০ ঘটিকার মধ্যে সোশ্যাল ইসলামী ব্যাংক পিএলসি সাতক্ষীরা শাখা, লন্ডন প্রাজা, বড় বাজার রোড, সাতক্ষীরা রক্ষিত দরপত্র বাস্বে ফেলিবেন অথবা দরপত্র রেজিস্ট্রিকৃত ডাকযোগে উক্ত তারিখের নির্দিষ্ট সময়ের মধ্যে পৌছাইতে হইবে এবং এদিনই অপরাহ্ন ৩.৩০ ঘটিকার সময় দরদাতাগণের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র বাস্বে খোলা হইবে।
- ২) নিলাম দরপত্রের সাথে নিলাম দরপত্রদাতার জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি দাখিল করিতে হইবে।
- ৩) প্রত্যেক দরদাতা উদ্ধৃত দর অনূর্ধ্ব ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা হইলে উহার ২০%, উদ্ধৃত দর ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনূর্ধ্ব ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা হইলে উহার ১৫% এবং উদ্ধৃত দর ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক হইলে উহার ১০% এর সমপরিমাণ টাকা জামানত স্বরূপ যেকোনো তফসিলি ব্যাংক হইতে, সোশ্যাল ইসলামী ব্যাংক পিএলসি সাতক্ষীরা শাখা, সাতক্ষীরা-এর অনুকূলে ইস্যুকৃত ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার, দরপত্রের সহিত দাখিল করিতে হইবে।
- ৪) অনূর্ধ্ব ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৩০ (ত্রিশ) দিবসের মধ্যে ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনূর্ধ্ব ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৬০ (ষাট) দিবসের মধ্যে এবং ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার অধিক উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৯০ (নব্বই) দিবসের মধ্যে দরদাতাকে সমুদয় মূল্য পরিশোধ করিতে হইবে, বার্থতায় আইন অনুযায়ী ব্যাংক কর্তৃপক্ষ জামানতের টাকা বাজেয়াপ্ত করিতে পারিবেন।
- ৫) উপরোক্ত অনুচ্ছেদ-৪-এর অধীনে প্রথম সর্বোচ্চ দরদাতার জামানত বাজেয়াপ্ত হইলে বাজেয়াপ্তকৃত অর্থ এবং দ্বিতীয় সর্বোচ্চ দরদাতার দরপত্রের মূল্য একত্রে সর্বোচ্চ দরদাতা কর্তৃক উদ্ধৃত দর অপেক্ষা কম না হইলে, উক্ত দ্বিতীয় সর্বোচ্চ দরদাতাকে সম্পত্তি নিলাম খরিদ করিতে আহ্বান করা হইবে এবং দ্বিতীয় সর্বোচ্চ দরদাতা অনুরূপ আহ্বানে সম্মত হইলে তাহাকে অনুচ্ছেদ-৪ এর নির্ধারিত সময়সীমার মধ্যেই দরপত্রের সম্পূর্ণ অর্থ পরিশোধ করিতে হইবে, বার্থতায় দ্বিতীয় সর্বোচ্চ দরদাতা কর্তৃক প্রদত্ত জামানতের টাকাও বাজেয়াপ্ত করা হইবে।
- ৬) দরদাতাকে রেজিস্ট্রেশন সংক্রান্ত খরচ, স্ট্যাম্প, ডিউটি ও ভ্যাট অন্যান্য শুল্ক খরচ যদি থাকে এবং দলিল নিবন্ধন সংক্রান্ত যাবতীয় খরচ বহন করিতে হইবে।
- ৭) এক বা একাধিক তফসিলের বিপরীতে একত্রে অথবা আলাদা আলাদা দরপত্র দাখিল করা যাইবে। তবে একত্রে দরপত্র দাখিলের ক্ষেত্রে প্রতিটি তফসিলের জন্য আলাদা আলাদা মূল্য উল্লেখ করিতে হবে।
- ৮) কম জামানত সমেত/জামানতবিহীন/ক্রেটিপূর্ণ দরপত্র সরাসরি বাতিল বলিয়া গণ্য হইবে।
- ৯) অসফল দরদাতার জামানত ফেরত দেওয়া হইবে।
- ১০) তফসিলভুক্ত সম্পত্তির উপর কোনো সরকারী, আধা-সরকারী, স্বায়ত্তশাসিত কোনো প্রতিষ্ঠান বা অন্য যেকোনো পাওনাদারের পাওনা বা দাবি থাকিলে তাহা পরিশোধের কোনো দায়িত্ব ব্যাংক বহন করিবে না।
- ১১) দাখিলকৃত দরপত্রে সম্পত্তির প্রস্তাবকৃত মূল্য অস্বাভাবিকভাবে অপর্যাপ্ত বা কম পরিলক্ষিত হইলে বা অন্য কোনো কারণে গ্রহণযোগ্য না হইলে ব্যাংক কর্তৃপক্ষ উক্ত দরপত্র গ্রহণে বাধ্য থাকিবে না এবং কোনোরূপ কারণ দর্শানো ব্যতিরেকে সর্বোচ্চ গৃহীত বা যেকোনো দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা ব্যাংক কর্তৃপক্ষ সংরক্ষণ করেন এবং অপরপূর্ণ এতদসংশ্লিষ্ট সকল বিষয়ে ব্যাংক কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলিয়া বিবেচিত হইবে এবং অর্থস্বর্ণ আদালত আইন, ২০০৩ এর ধারা ১২ এবং ধারা ৩৩ এর বিধান যতদূর সম্ভব অনুসরণীয় হইবে।
- ১২) দরপত্রের মাধ্যমে নিলামে অংশগ্রহণকারী ইচ্ছুক ব্যক্তিবর্গ বিজ্ঞপ্তি তথ্য অবগত হইবার জন্য অফিস চলাকালীন সময়ে নিম্নস্বাক্ষরকারীর অফিসে যোগাযোগ করিতে পারিবেন।

তফসিল

(ক) জেলা- সাতক্ষীরা, উপজেলা- তাল্লা, মৌজা- সেনেরগাঁতী, জে, এল নং-০৮, এস.এ.খতিয়ান নং-৩২৪, বি আর এস খতিয়ান নং- ২৪১, দাগ নং-এস. এ.-১৬৫৯ ও ১৫১৩, ডিপি দাগ নং-৩৪০৪ ও ৩৪০৫, মোট জমির পরিমাণ (২১ শতক ও ২১ শতক) ৪২ শতক এবং তদস্থিত স্থাপনাদি (জমির মালিকঃ মোঃ আব্দুল মালেক (লালু), মোঃ আব্দুল হাই, মোঃ আব্দুল বারী ও মোছাঃ রমেছা খাতুন।

(খ) জেলা- সাতক্ষীরা, উপজেলা- তাল্লা, মৌজা- ধানদিয়া কৃষ্ণনগর, জে, এল নং- ০৮, এস.এ.খতিয়ান নং-৮৫০, বি আর এস খতিয়ান নং- ১৫২৯, খারিজ খতিয়ান নং- ১৮০৯ দাগ নং-এস. এ.-২৬১০ ও ২৬০৯, ডিপি দাগ নং-৬৯৩৩ ও ৬৯৩৪, মোট জমির পরিমাণ (৯৭.০৫ শতক ও ৩৫.৯৫ শতক) ১৩৩ শতক এবং তদস্থিত স্থাপনাদি জমির মালিকঃ মোঃ আব্দুল মালেক (লালু)। মোট তফসিলে জমির পরিমাণ (৪২.০০+১৩৩.০০)=১৭৫.০০ শতক এবং তদস্থিত স্থাপনাদি।

জমির চৌহদ্দীঃ (ক) উত্তরে-দানেশ মোড়ল, দক্ষিণে- আনন্দ পরামানিক, পূর্বে- আব্দুর রাজ্জাক, পশ্চিমে-পাকা রাস্তা। (খ) উত্তরে-দুর্গা পদ সাহা, দক্ষিণে- রাস্তা, পূর্বে- আব্দুল মালেক গাজী, পশ্চিমে-রাস্তা।

সোশ্যাল ইসলামী ব্যাংক পিএলসি, সাতক্ষীরা শাখার পক্ষে
শাখা ব্যবস্থাপক